গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-৪ শাখা
www.moha.gov.bd

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.১৯৬

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

পরিপত্র

বিষয়: জিও/এনওসি'র ভিত্তিতে অফিসিয়াল/সাধারণ পাসপোর্ট ইস্যু প্রসঙ্গে।

সূত্র: ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬, তারিখ ২৪ মার্চ ২০১৬ খ্রি.;
২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৫৮.০০.০০০০.০৪০.০৫.০০১.১৭-১০৬২, তারিখ ২৩ মে ২০১৭ খ্রি.; এবং
৩। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরাগমন-৪ শাখার স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.১৯৫, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০২৬।

সরকারি কাজে বিদেশ ভ্রমণ সহজীকরণ, অফিসিয়াল পাসপোর্ট ইস্যু সংক্রান্ত বিদ্যমান নির্দেশনাসমূহে প্রয়োজনীয় সংশোধন আনয়ন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত পরিপত্র/আদেশ/নির্দেশনাসমূহ সমন্বয় ও সংশোধনপূর্বক নিম্নরূপ নির্দেশনা জারি করা হলো:

১। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন অফিসে কর্মরত রাজস্বখাতভুক্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীগণের সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে বিনা ফি-তে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত চাকরিতে স্থায়ী কর্মকর্তাগণের ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে।

২। বাংলাদেশ জাতীয় সংসদ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, এটর্নি জেনারেলের কার্যালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন এবং বাংলাদেশ ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে বিনা ফি-তে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত চাকরিতে স্থায়ী কর্মকর্তাগণের ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে।

৩। স্বায়ত্তশাসিত/স্বশাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং বিশেষ আইন/অধ্যাদেশ/আদেশ দ্বারা প্রতিষ্ঠিত কমিশন/অথরিটির জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাগণের অনুকূলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারিকৃত সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বিনা ফি-তে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

৪। সরকারি উন্নয়ন প্রকল্পে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত এবং উন্নয়ন খাত হতে বেতন-ভাতাদি উত্তোলনকারী কর্মকর্তা-কর্মচারীগণের সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক জারিকৃত সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে বিনা ফি-তে এবং ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

৫। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধিদের সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে বিনা ফি-তে এবং ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

CamScanner

৬। অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে বিনা ফি-তে এবং ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

৭। ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) অথবা কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC)-এর ভিত্তিতে সাধারণ ফি-তে জরুরি সেবা এবং জরুরি ফি-তে অতীব জরুরি সেবা প্রদান করা যাবে।

৮। সরকারি সফরে বেসরকারি ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত থাকলে তাঁদের অনুকূলে সরকারি আদেশ (GO)-এর ভিত্তিতে সাধারণ ফি-তে জরুরি সেবা এবং জরুরি ফি-তে অতীব জরুরি সেবা প্রদানের মাধ্যমে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

৯। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত/কর্মরত নন-ডিপ্লোমেটিক কর্মকর্তা-কর্মচারীগণ এবং তাঁদের স্পাউস (সরকারি চাকরিজীবী স্পাউসের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি সনদ (NOC) সাপেক্ষে) ও অনধিক ২৫ (পঁচিশ) বছর বয়সী সন্তানদের অনুকূলে বিনা ফি-তে ০৫ (পাঁচ) বছর মেয়াদি অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। বিদেশস্থ মিশনে কর্মকাল সমাপ্তির পর তাঁদের অনুকূলে ইস্যুকৃত অফিসিয়াল পাসপোর্ট সমর্পণ করতে হবে।

১০। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ডিপ্লোমেটিক পদমর্যাদায় পদায়নকৃত/কর্মরত কর্মকর্তাগণের Domestic Aide-দের নিয়োগসংক্রান্ত সরকারি অনুমোদন যাচাইপূর্বক তাঁদের অনুকূলে নির্ধারিত ফি গ্রহণ সাপেক্ষে ০৫ (পাঁচ) বছর মেয়াদি অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। বিদেশস্থ মিশনে কর্মকাল সমাপ্তির পর তাঁদের অনুকূলে ইস্যুকৃত অফিসিয়াল পাসপোর্ট সমর্পণ করতে হবে।

১১। অফিসিয়াল পাসপোর্টের সর্বোচ্চ মেয়াদ ১০ (দশ) বছর । তবে কোন কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ অথবা অবসরোত্তর ছুটি (PRL) সমাপ্তির তারিখ -এ দুটির মধ্যে যেটি পরবর্তীতে ঘটবে, সেই তারিখ পর্যন্ত অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। তবে কর্মকর্তা/কর্মচারী PRL চলাকালে স্বেচ্ছায় অফিসিয়াল পাসপোর্ট পরিবর্তন করে সাধারণ পাসপোর্ট গ্রহণ করতে পারবেন।

১২। উপ-অনুচ্ছেদ (১) ও (২)-এ বর্ণিত জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত অফিসিয়াল পাসপোর্টের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রাধিকার বহাল থাকা অবস্থায়, তাঁদের অনুকূলে শুধুমাত্র অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। কোনো প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ পাসপোর্ট গ্রহণ করতে চাইলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

১৩। সরকারি আদেশ (GO) এবং অনাপত্তি সনদ (NOC)-এর সঠিকতা যাচাইয়ের জন্য প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা একজন ফোকাল পয়েন্ট এবং একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করবে। তাঁদের পদবি, টেলিফোন নম্বর, মোবাইল ফোন নম্বর ও ই-মেইল ঠিকানাসহ হালনাগাদ তথ্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্পেশাল ব্রাঞ্চ (SB) এবং বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ফোকাল পয়েন্ট পরিবর্তিত হলে তথ্য অবিলম্বে হালনাগাদ করতে হবে। জারিকৃত সরকারি আদেশ (GO) ও অনাপত্তি সনদ (NOC) ইস্যুকারী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

১৪। অফিসিয়াল/সাধারণ পাসপোর্ট ইস্যু বিষয়ে ইতোপূর্বে জারিকৃত এতদসংক্রান্ত পরিপত্র/আদেশ/নির্দেশনাসমূহ সমন্বয় ও সংশোধনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

১৫। এ পরিপত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

২১/০৭/২০২৬

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৩৯
ই-মেইল: immigration4@moha.gov.bd

CamScanner

স্মারক নং: ৪৪.০০.০০০০.০০০.১৩৭.৯৯.০০০২.২৪.১৯৬

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক,মতিঝিল, ঢাকা
০৪। সিনিয়র সচিব/সচিব (সকল),..... মন্ত্রণালয়, ঢাকা
০৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
০৬। মহাপরিচালক, ডিজিএফআই,ঢাকা সেনানিবাস, ঢাকা
০৭। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৯। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা
১০। প্রকল্প পরিচালক, "বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন" শীর্ষক প্রকল্প, ঢাকা

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো):

০১। অতিরিক্ত সচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৩। যুগ্মসচিব (বহিরাগমন অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৫। সিনিয়র সচিব এর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
০৬। সিস্টেম এনালিস্ট-১/২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

25/09/2026

মোহাম্মদ নুরুজ্জামান
উপসচিব

CamScanner